একই নম্বর ও তারিখে স্থলাভিষিক্ত

**গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

বাজেট ও উন্নয়ন অনুবিভাগ

**উন্নয়ন শাখা।**

নং-১০.০০.০০০০.১২৬.১৫.০০৬.২০১৫-৭২৯ তারিখ-০১/০৬/২০১৫ খ্রিঃ।

প্রেরকঃ মোঃ কায়সারুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
বাংলাদেশ সুপ্রীম কোর্ট,
কক্ষ নং-৫২৮, ৫ম তলা, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ- **বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের জন্য রেজিস্ট্রার জেনারেলসহ ০৫ (পাঁচ) টি এবং হাইকোর্ট বিভাগের জন্য রেজিস্ট্রারসহ ০৪ (চার) টি সর্বমোট ০৯ (নয়)টি পদ সৃজন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের জন্য রেজিস্ট্রার জেনারেল ও হাইকোর্ট বিভাগের জন্য রেজিস্ট্রার এবং উক্ত কর্মকর্তাগণের সহায়ক জনবল হিসেবে রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিবসহ ০৫ (পাঁচ) টি এবং হাইকোর্ট বিভাগের ০৪ (চার) টি সর্বমোট ০৯ (নয়) টি পদ আদেশ জারীর তারিখ হতে ৩১/০৫/২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজনে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করা হলো।

**আপীল বিভাগের জন্যঃ**

| ক্রমিক নং | পদের নাম ও সংখ্যা | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতন স্কেল (জাঃ বেঃ স্কেল'০৯) | নিয়োগ যোগ্যতা |
|---|---|---|---|
| ১. | রেজিস্ট্রার জেনারেল -০১ (এক) টি | --- | বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের জ্যেষ্ঠ জেলা জজ পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্যে হতে প্রেষণে পদায়নের মাধ্যমে পূরণযোগ্য । |
| ২. | রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব -০১ (এক) টি | -- | বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের নূন্যতম সিনিয়র সহকারী জজ পদ মর্যাদার কর্মকর্তাগণের মধ্যে হতে প্রেষণে পদায়নের মাধ্যমে পূরণযোগ্য । |
| ৩. | ব্যক্তিগত কর্মকর্তা -০১ (এক) টি | টাঃ ৮০০০-১৬৫৪০/- (গ্রেড-১০) | **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** ক)স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা ২য় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী, খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত, এবং গ) নির্ধারিত শর্টহ্যান্ড ও টাইপিং এ গতি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ৪. | ড্রাইভার -০১ (এক) টি | টাঃ ৪৭০০-৯৭৪৫/- (গ্রেড-১৬) | **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** এস.এস.সি/সমমান পাসসহ বৈধ লাইসেন্স ধারী হতে হবে। |
| ৫ | অফিস সহায়ক -০১ (এক) টি | টাঃ ৪১০০-৭৭৪০/- (গ্রেড-২০) | সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ এস.এস.সি/সমমান পাস। |
| | মোট= ০৫ (পাঁচ) টি | | |

**হাইকোর্ট বিভাগের জন্যঃ**

| ক্রমিক নং | পদের নাম ও সংখ্যা | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতন স্কেল (জাঃ বেঃ স্কেল'০৯) | নিয়োগ যোগ্যতা |
|---|---|---|---|
| ১. | রেজিস্ট্রার -০১ (এক)টি | ---- | বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের জেলা জজ পযমর্যাদার কর্মকর্তাগণের মধ্যে হতে প্রেষণে পদায়নের মাধ্যমে পূরণযোগ্য। |
| ২. | ব্যাক্তিগত কর্মকর্তা -০১ (এক) টি | টাঃ ৮০০০-১৬৫৪০/- (গ্রেড-১০) | সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ ক)স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা ২য় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী, খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত, এবং গ) নির্ধারিত শর্টহ্যান্ড ও টাইপিং এ গতি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| ৩. | ড্রাইভার<br>-০১ (এক) টি | টাঃ ৪৭০০-৯৭৪৫/-<br>(গ্রেড-১৬) | সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ এস.এস.সি/সমমান পাসসহ বৈধ লাইসেন্স ধারী হতে হবে। |
| ৪. | অফিস সহায়ক<br>-০১ (এক) টি | টাঃ ৪১০০-৭৭৪০/-<br>(গ্রেড-২০) | সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ এস.এস.সি/সমমান পাস। |
| | মোট=০৪ টি | | |

২। ২নং কলামে বর্ণিত পদের নাম ও সংখ্যা, ৩নং কলামে বর্ণিত বেতন স্কেল, ৪ নং কলামে প্রদত্ত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার শর্তাদি যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

৩। এই ব্যয় চলতি ২০১৪-১৫ অর্থ বছরে "২-৬১২১-০০10 ও ০০২০- আপীল বিভাগ, হাইকোর্ট বিভাগ" কোডের অধীন যথোপযুক্ত খাত হতে বিকলনীয়।

৪। পত্রটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০২/০৩/২০১৫ খ্রিঃ তারিখের ০৫.১৫৪.০১৫.০১.০০.০০৩.২০১৪-৫১ নং, অর্থ বিভাগের ২৩/০৩/২০১৫ খ্রিঃ তারিখের ০৭.১৫৫.০১৫.১০.০৩.০০১.২০১১/১৪৩ নং, বাস্তবায়ন অনুবিভাগের ০৯/০৪/২০১৫খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৬৫.১০.০০৩.১২-৩৯ নং এবং মন্ত্রিপরিষদ বিভাগের ১২/০৫/২০১৫ খ্রিঃ তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬. ০১২.১৫-১৪০ নং স্মারকের সম্মতিক্রমে জারী করা হল।

৫। এতে অত্র মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সম্মতি রয়েছে।

৬। পদ সংরক্ষণ ও স্থায়ীকরণ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩/০৫/২০০৩ খ্রিঃ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুযায়ী মঞ্জুরী পত্রটি জারী করা হল।

স্বাঃ—
(মোঃ কায়সারুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০০৯২ (অঃ)

নং-১০.০০.০০০০.১২৬.১৫.০০৬.২০১৫-৭২৯ তারিখ-০১/০৬/২০১৫ খ্রিঃ।

প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, কক্ষ নং-৫২৮, ৫ম তলা, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা-কে অবহিত করার জন্য অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ব্যয় নিয়ন্ত্রণ, অধিশাখা-৫-কে অনুলিপি প্রেরণ করা হল।

স্বাঃ—
(মোঃ কায়সারুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব

নং-০৭.১৫৫.০১৫.১০.০৩.০০১..২০১১/ তারিখঃ ০৭ /০৬/২০১৫ খ্রিঃ

সচিব, আইন ও বিচার বিভাগ (দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, উন্নয়ন শাখা) এবং প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, কক্ষ নং-৫২৮, ৫ম তলা, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা-কে অবহিত করার জন্য অনুলিপি প্রেরণ করা হল।

স্বাঃ—
**(বিলকিস জাহান রিমি)**
উপ-সচিব
ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-৫
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-১০.০০.০০০০.১২৬.১৫.০০৬.২০১৫-৭২৯ তারিখ-০১/০৬/২০১৫ খ্রিঃ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল ঃ**

১। রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

০৭/০৬/১৫ খ্রিঃ
(মোঃ কায়সারুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব